

## জাবি শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

জাবি প্রতিনিধি

আমাবীরনগর বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের প্রভাষক এ কে এম আনিসুজ্জামানের বিরুদ্ধে এই বিভাগের কয়েকজন ছাত্রী যৌন নিপীড়নবিরোধী সেলে অভিযোগ করেছেন বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। যোগাযোগ করা হলে নিপীড়নবিরোধী সেলের সদস্য, নটিক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক হারুন অর রশীদ খান এ তথ্য নিশ্চিত করেছেন।

অধ্যাপক হারুন অর রশীদ খান বলেন, বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষকের বিরুদ্ধে কয়েকজন শিক্ষার্থীর করা একটি অভিযোগ আমরা পেয়েছি এবং বিষয়টি খতিয়ে দেখছি। তদন্তধীন হওয়ায় এ বিষয়ে এখন আর বেশি কিছু বলতে পারব না। তবে এ অভিযোগ করা হয়েছে এবং তবে প্রতিবেদন জমা দেওয়া হবে, সে বিষয়ে জানতে চাইলে তিনি কিছু বলতে সক্ষম হননি।

এ বিষয়ে জানতে প্রভাষক এ কে এম আনিসুজ্জামানের সঙ্গে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলে তিনি প্রথমবার ফোন কেটে দেন। পরে তাঁর ফোন বন্ধ পাওয়া যায়।